

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৭২

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ২৩. জীবিত ব্যক্তির পক্ষ হতে (বদলী) হজ্জ করা প্রসঙ্গে

بَابِ فِي الْحَجِّ عَنْ الْحَيِّ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ أَخْبَرَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ يَحْيَى بْنِ أَبِي إِسْحَقَ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ حَدَّثَنِي الْفَضْلُ بْنُ عَبَّاسٍ أَنْ عُبَيْدُ اللَّهِ بْنُ الْعَبَّاسِ أَنَّ رَجُلًا قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَبِي أَنْ أَبِي أَنْ أَبِي أَنْ أَبِي أَنْ أَبِي أَنْ أَنَا حَمَلْتُهَا لَمْ تَسْتَمْسِكْ وَإِنْ رَبَطْتُهَا خَشِيتُ أَنْ أَقْتُلَهَا قَالَ أَرَأَيْتَ أُمِّي عَجُوزٌ كَبِيرٌ إِنْ أَنَا حَمَلْتُهَا لَمْ تَسْتَمْسِكْ وَإِنْ رَبَطْتُهَا خَشِيتُ أَنْ أَقْتُلَهَا قَالَ أَرَأَيْتَ إِنْ كَانَ عَلَى أَبِيكَ أَنْ أَفَا لَمْ لَكُنْتَ تَقْضِيهِ قَالَ نَعَمْ قَالَ فَحُجَّ عَنْ أَبِيكَ أَنْ أُمِّكَ لَيْنٌ أَكُنْتَ تَقْضِيهِ قَالَ نَعَمْ قَالَ فَحُجَّ عَنْ أَبِيكَ أَنْ أُمِّكَ

বাংলা

১৮৭২. আল-ফাদল ইবনে আব্বাস রাদ্য়িল্লাহু আনহু – অথবা- উবাইদুল্লাহ ইবনে আব্বাস রাদ্য়িল্লাহু আনহু থেকে বর্ণিত যে, এক লোক বললো, হে আল্লাহর রাসূল! আমারপিতা- অথবা আমার মাতা অতি বৃদ্ধ মানুষ। আমি যদি তাকে বাহনে আরোহন করাই, তবে তিনি বাহনের উপর স্থিত হয়ে বসে থাকতে পারেননা। এমতাবস্থায় আমি যদি তাকে বাহনের উপর বেঁধে দেই, তাহলে আমার আশংকা হয় যে, আমিই যেন তাকে হত্যা করে ফেলছি (আমার বেঁধে দেয়ার কারণেই সে মারা যাবে)। তিনিবললেন: "আচ্ছা তোমার পিতা অথবা, মাতার দায়িত্বে কোন ঋণ থাকলে তা তুমি পরিশোধ করতে কি-না? সে বললো, হাঁ। তিনিবললেন: "সুতরাং তোমার পিতা অথবা, মাতারপক্ষ হতে তুমি হাজ্জ সম্পাদন কর।"[1]

ফুটনোট

[1] তাহক্রীক: উবাইদুল্লাহ ইবনু আব্বাসের সনদটি সহীহ।

তাখরীজ: তাহাবী, মুশকিলিল আছার ৩/২২০; আহমাদ ১/২১২, ৩০৯; এ বাবের হাদীসগুলি দেখুন এবং তাতে আমাদের টীকাসমূহও দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ফাযল ইবনু 'আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন